



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 SEPTEMBER 2024**

**7:35 AM IST**

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পরিষদ ( সি বি এস ই ) আগামী পয়লা ডিসেম্বরের পরিবর্তে আগামী ১৫ই ডিসেম্বর থেকে সি-টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে । প্রশাসনিক কারণে পূর্বে ঘোষণা করা সি-টেটের দিন পরিবর্তন করা হয়েছে । এ সম্পর্কে পরিষদের জারী করা নির্দেশনা অনুসারে আগামী ১৫ই ডিসেম্বর ( রবিবার ) সমগ্র দেশে সি-টেট অনুষ্ঠিত হবে । এর আগে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পরিষদ ( সি বি এস ই ) পয়লা ডিসেম্বর দেশের মোট ১শো ৩৬টি শহরে সি-টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিল । উল্লেখ্য যে গত ১৭ সেপ্টেম্বর থেকে আরম্ভ হওয়া সি-টেট এর অন-লাইন আবেদন প্রক্রিয়া আগামী ১৬ অক্টোবর সমাপ্ত হবে ।

আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটির এক প্রতিনিধি দল হাইলাকান্দি জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ পরিদর্শনে আগামীকাল হাইলাকান্দি জেলা সফরে আসছেন । বিধায়ক নুরুল হুদার নেতৃত্বে আসা কমিটির অন্যান্য সদস্যরা হচ্ছেন-উৎপল বরা , ভবেন্দ্র নাথ ভরালী , কৌশিক রাই , হাফিজ বশির আহমেদ এবং আব্দুল করিম বরভুইয়া ।

আম আদমী পার্টির আসাম রাজ্য কমিটি রাজ্যের আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনে অন্য কোনো দলের সংগে মিত্রতা করবে না বলে দলের নব নিযুক্ত রাজ্য সভাপতি মনোজ ধানোয়ার গতকাল গুয়াহাটীতে জানিয়েছেন । দলের রাজ্য সভাপতি শ্রী ধানোয়ার জানান যে দল আসামে সরকার গঠন করতে সমর্থ হলে সরকারী শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের জন্য দিল্লী ও পাঞ্জাব সরকারের গ্রহণ করা অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে ।

---

আসাম পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে স্টেট ল্যাবেল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড পরিচালিত আসাম পুলিশ এডমিট কার্ড-২০২৪ আজ থেকে প্রদান করা হবে। সরকারী বিজ্ঞপ্তিতে অনুযায়ী পুলিশ কনস্টেবল পদের জন্য ফিজিকেল স্ট্যান্ডার্ড টেস্ট, পি এস টি এবং ফিজিকেল এফিসিয়েন্সি টেস্ট, পেট আগামী তেসোরা অক্টোবর অনুষ্ঠিত হবে। ইচ্ছুক প্রার্থীদের আসাম পুলিশের ওয়েব সাইট [slprbassam.in](http://slprbassam.in) থেকে এডমিট কার্ড ডাউনলোড করতে বলা হয়েছে।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে গ্রাম পঞ্চায়েতের সীমানা পুনর্নির্ধারন সম্পর্কে আজ থেকে আগামী ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত গণশুনানির ব্যবস্থা করা হয়েছে। জেলার বিভিন্ন সংস্থা-সংগঠন ও সুশীল সমাজ কাছ থেকে প্রাপ্ত দাবি- আপত্তিগুলির বিষয়ে গণ শুনানি বিধানসভা এলাকা ভিত্তিক আয়োজন করা হবে। এ অনুযায়ী আজ থেকে আগামী ২৫শে সেপ্টেম্বর সকাল সাড়ে দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত শিলচর বিধানসভা এলাকার জন্য গণশুনানি কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে সহকারী আয়ুক্ত ওয়াই আই অজকুম, সোনাই বিধানসভা এলাকার জন্য অতিরিক্ত আয়ুক্ত ধুবজ্যোতি হাজারিকা, বড়খলা বিধানসভা কেন্দ্রের দায়িত্বে অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বড়ঠাকুর, কাটিগড়া বিধানসভা এলাকার জন্য অতিরিক্ত আয়ুক্ত খালেদা সুলতানা, লক্ষ্মীপুর বিধানসভা কেন্দ্রের জন্য অতিরিক্ত আয়ুক্ত ধুবজ্যোতি পাঠক এবং উধারবন্দ বিধানসভা কেন্দ্রের জন্য অতিরিক্ত আয়ুক্ত ভি এল নাম্পইয়ের কক্ষে শুনানির আয়োজন করা হয়েছে। জেলা প্রশাসন থেকে নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট এলাকার জনসাধারণকে ঐসব স্থানে উপস্থিত হয়ে গণ শুনানিতে অংশগ্রহণ করতে অনুরোধ করা হয়েছে।

---

হাইলাকান্দি জেলা পরিষদ কার্যালয়ে আজ থেকে পঞ্চায়েতের সীমা নির্ধারন সম্পর্কে প্রকাশিত খসড়ার দাবী ও আপত্তিগুলির শুনানী গ্রহন করা হবে। জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর জানিয়েছেন যে আজ ও আগামীকাল ব্যক্তিগতভাবে পাওয়া দাবী ও আপত্তিগুলির শুনানী গ্রহন করা হবে। এছাড়া বিভিন্ন সংস্থা-সংগঠন ও সুশীল সমাজের কাছ থেকে পাওয়া দাবী ও আপত্তিগুলি আগামী ২৫শে সেপ্টেম্বর গ্রহন করা হবে। বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে ১২১ নম্বর হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের দাবী ও আপত্তিগুলি অতিরিক্ত আয়ুক্ত রঞ্জিম বড়ুয়া এবং ১২২ নম্বর আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের দাবী ও আপত্তিগুলি অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা দেখবেন। উভয় বিধানসভা কেন্দ্রের গন শুনানী হাইলাকান্দি জেলা পরিষদের কার্যালয় কক্ষে অনুষ্ঠিত হবে।

---

আল মারকাজুল মিল্লি ফাউন্ডেশনের হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে সমাজে চলতে থাকা ধর্ষন ও নারী নির্যাতনের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে গতকাল কাটলিছড়া থানার অন্তর্গত সাহাবাদে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে। ফাউন্ডেশনের সভাপতি মৌলানা হোসেন আহমেদ বড়ভুইয়ার পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ ডক্টর এস কে নন্দী পুরকায়স্থ, এস এস কলেজের অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর, অতিরিক্ত আয়ুক্ত রক্তিম বড়ুয়া প্রমুখ বক্তব্য রাখেন।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালি ভিউ এবং শিলচরের প্রভাবতী দেবী চ্যারিটেবল ট্রাস্টের যৌথ উদ্যোগে গতকাল মাসিমপুরের টিলাইন প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে মোট ১১৩ জন রোগীর চোখ পরীক্ষা করে ২৭ জনের চোখে ছানি শনাক্ত করা হয়েছে।

---

---